



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০৩/০৩/২০২২খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক ৩০ বোতল ফেন্সিডিল উদ্ধারসহ
১ জন মাদক ব্যবসায়ী গ্রেফতার



অদ্য ০৩/০৩/২০২২ খ্রি. রাত্র ০১.৩০ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায়, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ সাজ্জাদ হোসেন এর অপারেশন পরিকল্পনায়, পুলিশ পরিদর্শক (নিঃ) মোঃ ফারুক খলিল এর নেতৃত্বে এসআই (নিঃ) তছলিম উদ্দিন আহমেদ ও সঙ্গীয় ফোর্সসহ আরপিএমপি, রংপুর কোতয়ালী থানাধীন ১৯ নং ওয়ার্ডস্থ বাংলাদেশ ব্যাংক মোড়ে “সিঙ্গার শো-রুম” এর সামনে অভিযান পরিচালনা করে নেশাজাতীয় মাদকদ্রব্য ৩০ (ত্রিশ) বোতল ফেন্সিডিল উদ্ধারসহ আসামী মোঃ সেলিম মিয়া (২৭), পিতা- মোঃ আঃ রশিদ, মাতা- মৃত ছকিনা বেগম, সৎ মা- মোছাঃ নুনাহার বেগম, সাং- শঠিবাড়ী উত্তর গুপদা, ইউপি- দুর্গাপুর, থানা- আদিতমারী, জেলা- লালমনিরহাটকে গ্রেফতার করা হয়।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন একটি মামলা দায়ের করা হয়।

উল্লেখ্য যে, রংপুর মহানগরী এলাকার সকল ধরণের অপরাধ নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ কারন-
অতিরিক্ত উপ পুলিশ কমিশনার (ডিবি)- ০১৩২০-০৭৩৬৬১।

০৩.০৩.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার
(ডিবি এন্ড মিডিয়া)
পক্ষে/পুলিশ কমিশনার
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১